দৈনিক সংবাদ

15 JUL 1992

তারিখ 05 JUL 1992
পৃষ্ঠা ... কলাম ...

14

সংসদে শিক্ষামন্ত্রী ঃ গাজীপুরে মূল ক্যাম্পাস

# জিয়ার নামে দেশের প্রথম উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

। সংসদ রিপোর্টার ।

দেশে প্রথম স্থাপিত উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের নামকরণ প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমানের নামে করা হবে। তবে এজন্য সংসদের অনুমতি নেয়া হবে। এ সংক্রান্ত একটি বিল অচিরেই সংসদে পেশ করা হবে।

গতকাল জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে গণতন্ত্রী পার্টির সুরঞ্জিত সেনগুপ্তের এক সম্পূরক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার এ তথ্য জানান।

তিনি বলেন, ১২ কোটি লোকের মধ্যে অনেকেই যাতে ঘরে বসে ডিগ্রী নিতে পারে সেজন্য এই উন্মুক্ত বিশ্ববিদ্যালয় করা হচ্ছে। এতে গরীব লোকরা রেডিও টিভি দেখেও শিক্ষা নিতে পারবে। মন্ত্রী বলেন, যদি আশপাশের দেশে ব্যক্তির নামে এ ধরনের বিশ্ববিদ্যালয় হতে পারে, তবে বাংলাদেশেও হতে পারে।

আওয়ামী লীগের আ খ ম জাহাঙ্গীর হোসাইনের প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাস গাজীপুর ইসলামী বিশ্ববিদ্যালয়ের পরিত্যক্ত চত্বরে স্থাপিত হবে। দেশের বিভিন্ন স্থানে ১০টি রিজিওন্যাল সেন্টার স্থাপন করা হবে। এছাড়া বিভিন্ন বিদ্যমান স্কুল-কলেজকে কেন্দ্র করে সারা দেশে ৮১টি ষ্টাডি সেন্টার স্থাপন করা হবে। ১ জন ভাইস চ্যান্সেলর, একাধিক প্রো-ভাইস চ্যান্সেলর, ১০ জন রিজিওন্যাল ডাইরেক্টর, অধ্যাপক, বিশেষজ্ঞ, বিভাগীয় প্রধান ও কর্মকর্তা সমন্বয়ে এ বিশ্ববিদ্যালয়ের কাঠামো গঠিত হবে।

আওয়ামী লীগের আ স ম ফিরোজ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মতো নতুন পদক্ষেপ নেবার আগে সংসদে আলোচনা করার সুযোগ দেয়া হবে কিনা এক সম্পূরক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন,

জিয়া ঃ পৃঃ ৮ কঃ ১

জিয়া ঃ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

(১ম পাতার পর)

ভারতে ইন্দিরা গান্ধী, পাকিস্তানে আল্লামা ইকবালের নামে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় রয়েছে। থাইল্যান্ড, বৃটেন ও যুক্তরাষ্ট্রেও রয়েছে এ ধরনের বিশ্ববিদ্যালয়। তিনি বলেন, এ ব্যাপারে সংসদে অচিরেই বিল আনা হবে।

আওয়ামী লীগের ডাঃ মোজাম্মেল হোসেনের প্রশ্নের জবাবে তিনি বলেন, এই উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বেসরকারী নয়, সম্পূর্ণভাবেই সরকারী।

আওয়ামী লীগের শেখ হারুনর রশীদের সম্পূরক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, বাজেট পাস হলে এজন্য প্রয়োজনীয় টাকা বরাদ্দ করা যাবে। এশীয় উন্নয়ন ব্যাংক থেকে এ খাতে ১শ' ৫ কোটি টাকা পাওয়া যাবার সম্ভাবনা রয়েছে। জাতীয় পার্টির সরফুদ্দিন খসরুন্দ সম্পূরক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, দেশের বিভিন্ন স্থানে যে ১০টি রিজিওন্যাল সেন্টার স্থাপন করা হবে, সেগুলোর বিষয়ে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এবং অন্যান্য বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সিদ্ধান্ত নেবে। যাতে সারাদেশে মনিটরিং করা হবে। তবে এগুলো কোথায় স্থাপন করা হবে, তা এখনো নির্ধারণ করা হয়নি।